

ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল ইনক

৮ বেনহাম রোড, মিন্টো ২৫৬৬

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ২০০৬ অনুষ্ঠিত

গত ১১ই নভেম্বর ২০০৬ অনুষ্ঠিত হয়ে গেল ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান। এবারের অনুষ্ঠানটি ছিল বরাবরের চেয়ে কিছুটা ব্যতিক্রম ধর্মী। এবারের অনুষ্ঠানমালায় সংযোজিত হয়েছিল আলাপনের সহযোগিতায় জন মার্টির পরিচালনায় স্কুলের শিশু-কিশোরদের অভিনীত নাটক ‘যাদুর ইঁদুর’ এর আংশিক মঞ্চায়ন। উপস্থিত দর্শকরা বিশেষ করে শিশু-কিশোররা নাটকটি উপভোগ করেছে দারুনভাবে। অনুষ্ঠানমালায় আরো সন্নিবেশিত ছিল নাচ, গান, অতিথী শিল্পীদের পরিবেশিত লোকগীতি ও পুরস্কার বিতরণী। এছাড়া শুরুতে বাংলা শিক্ষার প্রয়োজনীয়তার উপর সংক্ষিপ্ত আলোচনাও অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশগ্রহণ করেন বাংলা প্রসার কমিটির সভাপতি ড: মাকসুদুল বারী, ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের সভাপতি ও বাংলা প্রসার কমিটির সাবেক সভাপতি জনাব আব্দুল জলিল, ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের সহ-সভাপতি ড: মাহবুবুল আলম, সাধারণ সম্পাদক মাসুদ চৌধুরী ও শিক্ষক রোকাইয়া হাसान। বক্তারা ভিন্ন সাংস্কৃতিক পরিমন্ডলে বেড়ে উঠা বাঙ্গালী বংশোদ্ভূত ছেলেমেয়েদের বাংলা শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন এবং তাদেরকে বাংলা স্কুল সমূহে ভর্তি করানোর আহবান জানান।

সংক্ষিপ্ত আলোচনার পর শুরু হয় নাটক ‘যাদুর ইঁদুর’ এর আধা ঘণ্টাব্যাপি আংশিক মঞ্চায়ন। এতে অভিনয়ে অংশগ্রহণ করে আনিকা মওলা, সামিহা জলিল, সোহেল মিয়া, মুনিয়া আলম, সাকিব আলম, রাগিব মওলা, ইনারা ইফতেখার, সনাম সিকদার, নাদিয়া মিয়া, সুবাহ সিকদার, নাফিম জলিল, ইনাশা ইফতেখার, নওরিন চৌধুরী, কৃষ্টি মোফাজ্জল তাসফিয়া তাবাসসুম, মালিহা খন্দকার, মানসিব আহমেদ, মৌমিতা রহমান, রাইয়ান ফারুক, ও ফাইজা জাকারিয়া। এবারের অনুষ্ঠানটি অন্যান্য বারের তুলনায় একটু দূরে আয়োজিত হলেও দর্শকদের উপস্থিতি ছিল অনেক। ক্যাম্পবেলটাউন আর্ট সেন্টারের হলটি ছিল কানায় কানায় পূর্ণ। উপস্থিত দর্শকরা নাটকটি দারুনভাবে উপভোগ করে এবং এর ভূয়ষী প্রশংসা করে। নাটকের পর পরই ছিল নৃত্য ও সঙ্গীতের অনুষ্ঠান। নৃত্য পরিবেশন করে সামিহা (স্বনী), প্রিয়েতা ও মাহিমা এবং সঙ্গীত পরিবেশন করেন নাজমুল খান, শুভ্রা মোস্তারিন, নিগার ইয়াজদানী ও মুনিয়া আলম। একটি অত্যন্ত সুন্দর সন্ধ্যা উপহার দেওয়ার জন্য উপস্থিত সবাই ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলকে ধন্যবাদ জানান।

মিডিয়া রিলিজ

ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল